যুগান্তর

তারিখ ... 14 JUN 2010 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৭ ...

# নাজিরপুরে শিক্ষা প্রতিষ্ঠানে অডিটের নামে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে প্রতারক চক্র

নাজিরপুর প্রতিনিধি

নাজিরপুরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান অডিটের নামে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে ভুয়া অডিটচক্র। অডিট করা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কাছ থেকে পাওয়া অভিযোগের ভিত্তিতে জানা গেছে, এ চক্র ঢাকার আত্ম অডিট ফার্মের প্রতিনিধি হিসেবে নাজিরপুরসহ পিরোজপুর জেলার ২ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান অডিট করে। এ সময় এ চক্র শিক্ষা প্রতিষ্ঠানের কাগজপত্রের বিভিন্ন সমস্যার অজুহাত দেখিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়। অভিযোগ রয়েছে, এ চক্রের প্রধান হিসেবে নেতৃত্ব দিয়েছেন পিরোজপুর সদর উপজেলার টোনা সিনিয়র মাদ্রাসার ইংরেজি প্রভাষক আঃ মান্নান ও তার সহযোগী হিসেবে কাজ করেছেন ওই মাদ্রাসার অফিস সহকারী মোঃ নুরুল্লা হক ও স্থানীয় মেহেদী আরাফাত। চক্রটি প্রথমে জেলার বিভিন্ন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অডিটের কাজ শেষ করে জেলার সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে কাজ শুরু করলে চক্রটি সদরের এক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের পরিচিত হওয়ায় বিষয়টি অনেক শিক্ষা প্রতিষ্ঠানের সন্দেহ হলে তারা বিষয়টি সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে চ্যালেঞ্জ করলে ঘটনাটি ফাঁস হয়ে যায়। পরে উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ আনোয়ার জাহিদের মাধ্যমে শিক্ষকদের এক মিটিংয়ে ওই ভুয়া অডিটের নামে প্রতারক চক্রের প্রধান প্রভাষক আঃ মান্নানকে মাফ চাওয়াসহ অডিটের নামে আদায় করা টাকা ফেরত দিতে বাধ্য হয়।